ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-১৫২৪
আগরতলা, ১০ জুলাই, ২০২৬

**ডেস্টিনেশন ত্রিপুরা বিজনেস কনক্লেভ**

**১ লক্ষ ২১ হাজার ৩০৩ কোটি টাকা বিনিয়োগের প্রস্তাব**

দু'দিনব্যাপী ডেস্টিনেশন ত্রিপুরা বিজনেস কনক্লেভ ২০২৬ আয়োজনে ব্যাপক সাফল্য এসেছে। অংশগ্রহণকারী বিনিয়োগকারীগণ বিভিন্ন ক্ষেত্রে বিনিয়োগে আগ্রহ প্রকাশ করে ৩৪২টির বেশি সমঝোতাপত্র এবং বিনিয়োগের অভিপ্রায়পত্রে স্বাক্ষর করেছেন। প্রাথমিক হিসাব অনুযায়ী রাজ্যে প্রায় ১ লক্ষ ২১ হাজার ৩০৩ কোটি টাকা বিনিয়োগের প্রস্তাব করা হয়েছে। রাজ্য ও বহির্রাজ্যের বিভিন্ন ক্ষেত্রের প্রায় ২ হাজার বিনিয়োগকারী এবং ১ হাজার ২০০ এর বেশি বিভিন্ন সংস্থার প্রতিনিধি এই কনক্লেভে অংশ নেন।

শিল্প দপ্তরের পক্ষ থেকে জানানো হয়েছে, গতকাল উদ্বোধনী অনুষ্ঠানের পর মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা বিদেশী রাষ্ট্রদূত ও কূটনৈতিক প্রতিনিধিদের সঙ্গে মতবিনিময় করেন। তিনি ত্রিপুরায় বিনিয়োগের জন্য তাদের আহ্বান জানান। এরপর কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী রতনলাল নাথ, তথ্য প্রযুক্তি মন্ত্রী প্রণজিৎ সিংহরায়, শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্ত্বনা চাকমা, পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী, ক্রীড়ামন্ত্রী টিংকু রায়, সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া, বনমন্ত্রী অনিমেষ দেববর্মা, উচ্চশিক্ষা মন্ত্রী কিশোর বর্মণ বিনিয়োগকারীগণের সঙ্গে বৈঠক করেন। মন্ত্রিসভার সদস্যগণ ত্রিপুরায় বিনিয়োগ করতে তাদের প্রতি আহ্বান জানান।

শিল্প দপ্তরের পক্ষ থেকে জানানো হয়েছে টিএসিসিএল ১৮,১০০ কোটি টাকা, ট্রেডা ১২,৯৮০ কোটি টাকা, পর্যটন ক্ষেত্রে ১২,৩০৩ কোটি টাকা, পরিবহণ ক্ষেত্রে ৩,০৫৬ কোটি টাকা, শিক্ষাক্ষেত্রে ৫৬৮ কোটি টাকা, উচ্চশিক্ষা ক্ষেত্রে ৩০০০ কোটি টাকা, কৃষি ও উদ্যানপালন ক্ষেত্রে ১,৬৭৫ কোটি টাকা, মৎস্য ক্ষেত্রে ২২৮ কোটি টাকা, প্রাণীসম্পদ উন্নয়নে ২,৬৫০ কোটি টাকা, বাঁশ-রাবার ও আগর ক্ষেত্রে ১,৭০০ কোটি টাকা, স্বাস্থ্য ক্ষেত্রে ৪০০০ কোটি টাকা, তথ্য প্রযুক্তি ক্ষেত্রে ১৩,২৪৮ কোটি টাকা এবং শিল্প ও বাণিজ্য ক্ষেত্রে ৩০০০০ কোটি টাকা বিনিয়োগের আগ্রহ প্রকাশ করা হয়েছে।

এই কনক্লেভে বিভিন্ন ক্ষেত্রে একাধিক শীর্ষস্থানীয় সংস্থা অংশগ্রহণ করে। এর মধ্যে রয়েছে গুগল, সেলসফোর্স, আরভি(জিন্দাল গ্রুপ), পাওয়ার ফাইন্যান্স কর্পোরেশন, আম্বুজা নিওটিয়া, এটিআরআই গ্রুপ, জিআইজেড (জার্মানি), সিএসআরডি এন্টারপ্রাইজ, ম্যাকলেক, এনএলসি ইন্ডিয়া, ইসিএস রিয়েলটি প্রাইভেট লিমিটেড, সুমনদীপ বিদ্যাপীঠ, এনডিআর ইনফ্রাস্ট্রাকচার প্রাইভেট লিমিটেড, জে কে আরবান গার্ডেন, স্মার্ট গ্রিন অ্যাকুয়াকালচার, ভুটোরিয়া লজিস্টিকস, অঞ্জলি এক্সপোর্টস, এভি বায়োটেকস, আইওসিএল প্রভৃতি।

এই কনক্লেভে বাংলাদেশ, ফিলিপাইনস, তিমোর লেস্তে, লাও পিডিআর, কাজাখস্তান, চিলি, নেপাল, উজবেকিস্তান, দক্ষিণ আফ্রিকা এবং জাপান এক্সটার্নাল ট্রেড অর্গানাইজেশন সহ মোট ১০টি দেশের রাষ্ট্রদূত, হাইকমিশনার ও তাঁদের প্রতিনিধিগণ অংশগ্রহণ করেন।

******